

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
কমলনগর, লক্ষ্মীপুর।  
E-mail: [uwaoknagar@gmail.com](mailto:uwaoknagar@gmail.com)

## "জয়িতা অন্বেষনে বাংলাদেশ"

আগ্রহী ও যোগ্য নারী প্রার্থীদের নিকট হতে আবেদন আহ্বান করা হচ্ছে।

নারী সমাজের মধ্যে বিরাজমান সকল প্রকার বিভ্রান্তি ও অশিক্ষা দূর করে নারীদেরকে সকল প্রতিবন্ধকতা উপেক্ষা করার শক্তিতে উজ্জীবিত ও অনুপ্রাণিত করার লক্ষ্যকে সামনে রেখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের দিক নির্দেশনায় ও মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে প্রতি বছর আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ (২৫ নভেম্বর পেতে ১০ ডিসেম্বর) এবং বেগম রোকেয়া দিবস (০৯ ডিসেম্বর) উৎযাপন কালে দেশব্যাপী "জয়িতা অন্বেষনে বাংলাদেশ" শীর্ষক একটি অভিনব প্রচারাভিযান শুরুর প্রস্তাব করা হয়। এ কার্যক্রমের মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রে তৃনমূলের সফল নারী তথা জয়িতাদের অনুসন্ধান করে তাঁদের স্বীকৃতি ও সম্মাননা প্রদান অন্যান্য নারীদেরকে অনুপ্রাণিত করবে, সমগ্র সমাজ নারী বান্ধব হবে এবং এতে করে জেন্ডার সমতা ভিত্তিক সমাজ বিনির্মাণ ত্বরান্বিত হবে।

"জয়িতা অন্বেষনে বাংলাদেশ" পঁচটি ক্যাটাগরীতে জয়িতা নির্বাচনের জন্য আবেদন করা যাবে। জয়িতা অন্বেষনে বাংলাদেশ শীর্ষক কার্যক্রম বাস্তবায়নের জন্য নীতিমালা অনুযায়ী (১) অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী (২) শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী (৩) সফল জননী নারী (৪) নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী (৫) সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী, উল্লেখিত ৫ টি ক্যাটাগরীতে জয়িতার আবেদনের জন্য আগ্রহী মহিলা প্রার্থীদের আগামী ০৩/১০/২০২৩ ইং পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করতে বলা হলো।

৯৪/-

(মোঃ মোরশেদ আলম)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

কমলনগর, লক্ষ্মীপুর।

তারিখ: ১০/০৯/২০২৩ খ্রিঃ

স্মারক নং- ৩২.০১.৫১৩৩.০০০.২৬.০১.২৩ - ১২০

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষ্মীপুর।
- ৩। উপ-পরিচালক, উপ-পরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, লক্ষ্মীপুর।
- ৪। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।
- ৫। চেয়ারম্যান (সকল ইউনিয়ন), কমলনগর, লক্ষ্মীপুর।
- ৬। সভাপতি/সেক্রেটারী, কমলনগর প্রেস ক্লাব, কমলনগর, লক্ষ্মীপুর।
- ৭। অফিস কপি।

  
(মোঃ মোরশেদ আলম)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
কমলনগর, লক্ষ্মীপুর।